**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার অষ্টম অধিবেশন আজ থেকে শুরু হয়েছে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্যের গ্রাম পাহাড় সর্বত্র ঘরে ঘরে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য।**

**(৩) প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বলেছেন যে প্রতিরক্ষা বাহিনী অপারেশন সিন্দুরের মাধ্যমে শত্রুর বিরুদ্ধে ভারতের জবাবের শক্তি প্রদর্শন করেছে।**

**(৪) গোয়ার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদে আগামী ২৩শে সেপ্টেম্বর দশম আয়ুর্বেদ দিবস পালিত হবে, যা ঐতিহ্যবাহী ভারতীয় চিকিৎসার বিশ্বব্যাপী প্রচারে একটি ঐতিহাসিক মাইলফলক ।**

*****************************************

**Assembly session :**

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার অষ্টম অধিবেশন আজ থেকে শুরু হয়েছে। চলবে আগামী ২৩শে সেপ্টেম্বর পর্যন্ত। অধিবেশনের প্রথম দিন শুরু হয় প্রশ্নোত্তর পর্ব দিয়ে। প্রশ্নোত্তর পর্বের শেষে বিধানসভার প্রাক্তন সদস্য প্রয়াত বুরবুমোহন ত্রিপুরা, অনিল চাকমা, ঝাড়খন্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবু সোরেনের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানো হয়। তাছাড়া পেহেলগামে সন্ত্রাসবাদীদের হাতে নিহত ২৫ জন পর্যটকের মৃত্যু, আহেমাদাবাদে বিমান দুর্ঘটনায় ২৪১ জন সহ অন্যান্যদের মৃত্যুতে বিধানসভার পক্ষ থেকে শোকজ্ঞাপন করা হয়। পাশাপাশি অপারেশন সিঁদুর, রাজ্যের ছেলে অরিত্র

রায়ের এভারেস্ট শৃঙ্গ জয় করা ও শুভাংশু শুক্লার মহাকাশ থেকে পৃথিবীতে নির্বিঘ্নে প্রত্যাবর্তনের জন্য অভিনন্দনসূচক প্রস্তাব আনেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায় ও বিজ্ঞান, প্রযুক্তিও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেব্বর্মা প্রমুখ। আজ বিজনেস এডভাইসরি কমিটির রিপোর্ট বিধানসভায় ধ্বনি ভোটে গৃহীত হয়। পরে এই বিলগুলি ধ্বনি ভোটে গৃহীত হয়।

অধিবেশনের প্রথম দিনে আজ চারটি বিল উত্থাপন করা হয়। এগুলি হল, ত্রিপুরা স্টেট গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স (সংশোধনী) বিল, ত্রিপুরা জন বিশ্বাস (সংশোধনী) বিল, ফ্যাক্টরিজ বিল এবং ত্রিপুরা শপস অ্যান্ড এস্টাবলিশমেন্টস (সংশোধনী) বিল।

উল্লেখ্য অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অসুস্থ থাকায় সভা পরিচালনা করেন উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। আজকের পর অধিবেশন বসবে আর একদিন, ২৩শে সেপ্টেম্বর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২২শে সেপ্টেম্বর রাজ্য সফরে আসছেন। তাই ঐদিন বিধানসভার অধিবেশন বসবে না।

****************************

**Assembly-Second Session-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ বিধানসভায় জানিয়েছেন, রাজ্যের গ্রাম পাহাড় সর্বত্র ঘরে ঘরে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য। বিধানসভায় আজ বিধায়ক রামপদ জমাতিয়ার একটি বেসরকারী প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী একথা বলেন। মুখ্যমন্ত্রী জানান, ২০১৯ সালে প্রধানমন্ত্রী যে, জল জীবন মিশন প্রকল্প চালু করেছিলেন তাতে রাজ্যের পাহাড় সমতল উভয় জনবসতি এলাকায় পানীয় জল সরবরাহে এক উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে। তিনি জানান, পাহাড় ও সমতল রাজ্যের এই উভয় অংশে ৭ লক্ষ ৫০ হাজার ৮৪৯টি পরিবারের মধ্যে গত ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত হিসাব অনুযায়ী ৬ লক্ষ ৪৬ হাজার ৭৫৮টি পরিবারে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। অর্থাৎ মোট ৮৬.১৪ শতাংশ পরিবারে পাইপ লাইনের মাধ্যমে পানীয়

জলের সংযোগ দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, এডিসি এলাকায় ৫৮৭টি ভিলেজে এবং ৬০৬টি গ্রাম পঞ্চায়েতে পাইপ লাইনের মাধ্যমে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই প্রকল্পে রাজ্য সরকারের এখনো ৩৪৩ কোটি টাকা পাওনা রয়েছে। এই টাকা পেলে পানীয় জল সংযোগের কাজ ত্বরান্বিত হবে। এই প্রস্তাবের উপর আলোচনা অংশ নেন বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, ট্রেজারী বেঞ্চের সদস্য রামপদ জমাতিয়া ও চিত্ত দেববর্মা, বিরোধী দলীয় সদস্য গোপাল চন্দ্র রায়।

***************************************

**Assembly-Teacher :**

উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন জানিয়েছেন ইউ.জি.সি স্বীকৃত বিভিন্ন সাধারণ ডিগ্রী কলেজে ছাত্র ও বিষয়ের ৬০ অনুপাত ১ হিসেবে, ১ হাজার ২০৮ জন অধ্যাপক বা অধ্যাপিকা থাকা প্রয়োজন। আজ বিধানসভায় বিধায়ক নয়ন সরকারের আনা প্রশ্নের উত্তরে তিনি একথা জানিয়ে বলেন বর্তমানে রাজ্যের এধরনের কলেজগুলিতে মোট ৪৬১ জন নিয়মিত অধ্যাপক বা অধ্যাপিকা, ১৬০ জন স্নাতকোত্তর শিক্ষক এবং ৬৫৪ জন অতিথি অধ্যাপক বা অধ্যাপিকা রয়েছেন। তিনি জানান প্রফেশনাল ডিগ্রী কলেজে ছাত্র ও বিষয়ের ৩০ অনুপাত ১ হারে, ৪৬ জন অধ্যাপক বা অধ্যাপিকা থাকা প্রয়োজন। বর্তমানে ওই কলেজগুলিতে মোট ৫৩ জন নিয়মিত অধ্যাপক বা অধ্যাপিকা, ১৫ জন স্নাতকোত্তর শিক্ষক এবং ৩৯ জন অতিথি অধ্যাপক বা অধ্যাপিকা রয়েছেন। মন্ত্রী জানান এ .আই. সি .টি .ই. স্বীকৃত রাজ্যের বিভিন্ন কলেজ ও পলিটেকনিক গুলিতে ছাত্র ও বিষয়ের ২৫ অনুপাতে ১ হিসেবে, ১২০ জন অধ্যাপক বা অধ্যাপিকা থাকা প্রয়োজন। সেই কলেজগুলিতে ১৪৩ জন নিয়মিত অধ্যাপক বা অধ্যাপিকা, একজন স্নাতকোত্তর শিক্ষক, ৮৫ জন লেকচারার এবং ৩৯ জন অতিথি অধ্যাপক বা অধ্যাপিকা রয়েছেন। অন্যদিকে বিধায়ক সুদীপ সরকারের আনা প্রশ্নের উত্তরে উচ্চশিক্ষামন্ত্রী জানান ২০২৫ শিক্ষাবর্ষে উচ্চ শিক্ষা দপ্তরের অধীনে

রাজ্যের সাধারণ ডিগ্রী কলেজ গুলিতে এখন পর্যন্ত ২৩ হাজার ৪০০ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছে।

***************************

**Package Story-Seva PARV :**

সেবা ও সুশাসন অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্রে অনুপ্রাণিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান কেন্দ্রীয় সরকার পরিবর্তন ও উন্নতির অভিযাত্রা নিশ্চিত করতে নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছে। আজ, এই বিশেষ ধারাবাহিক "সেবা পর্ব"-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার কৃষি সংশ্লিষ্ট মৎস্য চাষের মাধ্যমে বহুমুখী সম্ভাবনার ক্ষেত্র উন্মোচিত করেছে।

#######VC#####

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Rajnath Singh :**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বলেছেন যে ভারতের প্রতিরক্ষা বাহিনী অপারেশন সিন্দুরের মাধ্যমে শত্রুর বিরুদ্ধে উপযুক্ত জবাব দিয়েছে।

######Byte-Rajnath Singh######

১৯৬৫ সালের ভারত-পাকিস্তান যুদ্ধের ৬০ বছর পূর্তি উপলক্ষে নতুনদিল্লিতে আয়োজিত স্মারক অনুষ্ঠানে যুদ্ধের প্রবীণ সৈনিকদের উদ্দেশে ভাষণ দেওয়ার সময় তিনি একথা বলেন। তিনি বলেন, প্রতিরক্ষা বাহিনীর সমন্বয় এবং সাহস প্রমাণ করেছে যে ভারতের জন্য জয় আর ব্যতিক্রম নয়, জয় এখন একটি অভ্যাসে পরিণত হয়েছে।

********************************

**10th Ayurveda Day in Goa:**

গোয়ার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদে আগামী ২৩শে সেপ্টেম্বর দশম আয়ুর্বেদ দিবস পালিত হবে, যা ঐতিহ্যবাহী ভারতীয় চিকিৎসার বিশ্বব্যাপী প্রচারে একটি ঐতিহাসিক মাইলফলক। আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব আজ নতুনদিল্লিতে আয়ুর্বেদ দিবস উদযাপন সম্পর্কে সংবাদমাধ্যমকে জানান যে, ভারতের ঐতিহ্যবাহী চিকিৎসা ব্যবস্থা বিশ্বব্যাপী নতুন উচ্চতায় পৌঁছানো সকলের জন্য গর্বের বিষয়।

তিনি আরও বলেন, সরকারের লক্ষ্য হলো আয়ুর্বেদের এই ঐতিহ্যকে প্রতিটি ব্যক্তির কাছে পৌঁছে দেওয়া এবং একটি সুস্থ ভারত ও একটি সুস্থ বিশ্ব গঠনে অবদান রাখা। মন্ত্রী উল্লেখ করেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আয়ুর্বেদ এবং ঐতিহ্যবাহী চিকিৎসা ব্যবস্থাকে বিশ্বব্যাপী স্বীকৃতি দিয়েছেন। এই বছরের আয়ুর্বেদ দিবসের প্রতিপাদ্য হল "মানুষ এবং গ্রহের জন্য আয়ুর্বেদ"। উল্লেখ্য, এবারই প্রথম ২৩শে সেপ্টেম্বর একটি নির্দিষ্ট ক্যালেন্ডার তারিখে আয়ুর্বেদ দিবস পালিত হবে।

***************************

**Job Fair :**

ভারত সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় রাজ্যের মডেল কেরিয়ার সেন্টার, আগরতলার ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ব্যবস্থাপনায় আজ আগরতলা শ্রম ভবন প্রাঙ্গনে বেসরকারি সংস্থায় নিয়োগের উদ্দেশ্যে জব ফেরার অনুষ্ঠিত হয়। ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অধিকর্তা অসীম সাহা জানিয়েছেন, বিভিন্ন পদে মোট ৯৯টি শূন্যপদ আজ এই জব ফেয়ার থেকে পূরণ করা হয়। সর্বনিম্ন ৭০০০ টাকা থেকে শুরু করে সর্বোচ্চ ৪০ হাজার টাকা পর্যন্ত বেতন ক্রমে এই শূন্য পদগুলিতে লোক নিয়োগ করা হয়েছে।

*****************************

**Swasth Naari Sashakt Parivar-Health Camp :**

দক্ষিণ জেলার জিলা সভাধিপতি দীপক দত্ত আজ সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযানের আওতায় সাব্রুমের বৈষ্ণবপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে এক মেগা স্বাস্থ্য শিবির ও রক্তদান শিবিরের সূচনা করেন। দক্ষিন জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি, জেলা স্বাস্থ্য আধিকারিক ডা. জ্যোতির্ময় দাস, সাব্রুম মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার প্রমুখ উপস্থিত ছিলেন উদ্বোধনী অনুষ্ঠানে। শিবিরে শতাধিক রোগীকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা ও ঔষধ প্রদান করা হয়।

*****************************

**Seva Pakhwada-Blood Donation Camp :**

সেবা পাক্ষিক কর্মসূচী হিসাবে আজ দক্ষিণ জেলার মনুবাজারের বসুন্ধরা বনচেতনা কেন্দ্রে ৩৯ মনু মণ্ডলের উদ্যোগে অনুষ্ঠিত স্বেচ্ছায় রক্তদান শিবিরে ৩১ জন স্বেচ্ছায় রক্তদান করেন। বিজেপির দক্ষিণ জেলা সভাপতি দীপায়ন চৌধুরী, মনু মন্ডল সভাপতি বিপুল ভৌমিক প্রমুখ শিবিরে উপস্থিত ছিলেন।

*********************************

**Swasth Naari Sashakt Parivar :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ সুস্থ নারী সশক্ত পরিবার কর্মসূচী ও সেবা পাক্ষিক সপ্তাহ অভিযানের অঙ্গ হিসাবে খয়েরপুর বিধানসভা কেন্দ্রের মেখলীপাড়া চা বাগান এলাকার প্রায় ৬০০ জন মহিলা ও বাগিচা শ্রমিকদের হাতে নতুন বস্ত্র তুলে দেন। বিজেপি সদর গ্রামীন জেলা কমিটির উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খয়েরপুর মন্ডল সভাপতি রাজেশ ভৌমিক, বিজেপি সদর গ্রামীন জেলা কমিটির সভাপতি গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ।

*************************

**Swasth Naari Sashakt Parivar :**

'সুস্থ নারী সশক্ত পরিবার' অভিযানের অঙ্গ হিসাবে আজ আগরতলা পুর নিগমের ১৮ নম্বর ওয়ার্ডের স্বাস্থ্য কেন্দ্রে গর্ভবতী মহিলাদের পুষ্টিকর খাবার বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত কর্পোরেটর অভিষেক দত্ত বলেন এই অভিযানের অঙ্গ হিসাবে দেশের সঙ্গে রাজ্যেও স্বাস্থ্য শিবিরের মাধ্যমে অষ্টম রাষ্ট্রীয় পোষণ মাস ও গর্ভবতী মহিলাদের প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনার অধীনে সুবিধা প্রদান করা হবে।

*******************************

**Seva Pakhwada, Blood Donation :**

সেবা পক্ষ পালনের অঙ্গ হিসাবে আজ বিজেপি টাউন বড়দোয়ালি যুব মোর্চার উদ্যোগ আগরতলা আইজিএম হাসপাতালের ব্লাড ব্যাংকে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৩২ জন রক্তদান করেন।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম, সিপাহীজলা, গোমতী এবং দক্ষিণ জেলাতে ভারী বৃষ্টিপাতের সতকর্তা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ছিল ৩৪.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

*************************